দৈনিক বাংলা

তারিখ 22 APR 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

৩৪

24

# ১ মে থেকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ

শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) আগামী ১ মে থেকে ৩১ মে সারাদেশে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ করবে। এ জরিপ কাজে ১৯৯১ ও ১৯৯২ সালের এইচএসসি পরীক্ষার ৭২৫ জন কৃতী ছাত্রকে গণণাকারী হিসাবে এবং সরকারী কলেজের ১৪০ জন শিক্ষককে সুপারভাইজার হিসাবে নিয়োগ করা হয়েছে।

জরিপ কাজে নিযুক্ত ছাত্র ও সুপারভাইজারদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। শিক্ষা সচিব জনাব ইরশাদুল হক বুধবার ঢাকা আলিয়া মাদ্রাসায় দুদিনব্যাপী এ প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধন করেন।

উদ্বোধনী বক্তৃতায় শিক্ষা সচিব শিক্ষাখাতের সঠিক পরিকল্পনা ও উন্নয়নের জন্য বেসরাকরী শিক্ষা প্রতিষ্ঠানের সুষ্ঠু জরিপের ওপর জোর দেন। তিনি বিস্তারিত ও সঠিক তথ্য সংগ্রহ করে জরিপ কর্মসূচীকে সফল করে তোলার জন্য জরিপের গণনাকারী ও সুপাভাইজারদের প্রতি আহ্বান জানান।

ব্যানবেইসের পরিচালক জনাব আনোয়ারুল হক খান মসলিশের সভাপতিত্বে এ উদ্বোধনী অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ইউনুস মিয়া বিশেষ অতিথির ভাষণ দেন। খবর তথ্য বিবরণীর।